কার হাতে উঠবে বার্সার গোলবারের দায়িত্ব

লা লিগার সবশেষ ম্যাচে ভিয়ারিয়ালের বিপক্ষে লেভানডোভস্কি ও রাফিনহার জোড়া গোলে ৫-১ ব্যবধানের বড় জয় নিয়ে মাঠ ছাড়ে কাতালানরা। তবে বড় জয় পেলেও এই ম্যাচ নিয়ে খুব একটা খুশি হতে পারছে না বার্সা সমর্থকরা। কেননা এই ম্যাচে গুরুতর চোট নিয়ে মাঠ ছাড়ে বার্সার গোলরক্ষক টের স্টেগেন।

উড়ন্ত বল লাফিয়ে ধরতে গিয়ে ভারসাম্য হারিয়ে পড়ে যান তিনি। ডান পা গুরুতর চোট পান। স্ট্রেচারে করে মাঠ ছাড়তে হয়েছে তাকে। সেখান থেকে নেওয়া হয়েছিল হাসপাতালে। চোটটা যে বেশ গুরুতর ছিল সেটা স্টেগেনের চোখেমুখে চাপা যন্ত্রণার ছাপ দেখেই বোঝা গিয়েছিল। এর আগে এই জার্মান গোলরক্ষের ডান পায়ে দুবার অস্ত্রোপচার করা হয়। চোটটা এত গুরুতর যে পুরো মৌসুমটাই মাঠের বাইরে থাকতে হবে স্টেগেনকে।

যার কারণে প্রশ্ন উঠেছে এবারের মৌসুমে কাতালানদের গোল বারের দায়িত্ব সামলাবেন কে? নতুন কাউকে খুঁজে নেবে হ্যান্সি ফ্লিক নাকি আস্থা রাখবেন দলের দ্বিতীয় গোলরক্ষক স্প্যানিশ গোলরক্ষক ইনাকি পেনার ওপর। বার্সার এই গোলরক্ষক জানিয়েছেন, চ্যালেঞ্জ নিতে প্রস্তুতি তিনি। তবে বার্সেলোনার সাবেক গোলরক্ষক ক্লাউদিও ব্রাভো জানিয়েছেন, ম্যানেজমেন্ট চাইলে অবসর ভেঙে আবারও মাঠে ফিরতে প্রস্তুত তিনি।

ব্রাভো বলেন, ‘বার্সেলোনা যদি আমাকে চায়, আমি অবসর থেকে ফিরে আসতে প্রস্তুত।’ এর আগে ২০১৪ থেকে ২০১৬ পর্যন্ত বার্সার গোল বারের দায়িত্ব সামলিয়েছেন চিলির এই তারকা গোলরক্ষক। কাতালানদের হয়ে খেলেছেন ৭০টি ম্যাচে। বার্সা ছেড়ে পাড়ি জমিয়েছেন ইংলিশ ক্লাব ম্যানচেস্টার সিটিতে। ক্যারিয়ারের গোধূলি বেলায় সেখান থেকে বেটিসের হয়ে খেলেন তিনি। গেল মৌসুমে বিদায় জানিয়েছে ছিলেন ৪১ বছর বয়সি এই গোলরক্ষক। তবে ব্রাভোকে অবসর ভেঙে ফেরাবেন কিনা বার্সা। সেটা এখনো নিশ্চিত না।

অন্যদিতে গুঞ্জন আছে সাবেক রিয়াল মাদ্রিদ তারকা গোলরক্ষক কেইলর নাভাস দায়িত্ব সামতে পারেন বার্সার গোল বারের দায়িত্ব। যদিও এই

বিষয়টিকে এখন পর্যন্ত গুঞ্জন বলে ধরা হচ্ছে। কেননা এই বিষয়ে এখন পর্যন্ত কোনো পক্ষ থেকে কিছু জানা যায়নি। নাভাস এর আগে ২০১৪ থেকে ২০১৯ সাল পর্যন্ত বার্সার চিরপ্রতিদ্বন্দ্বী রিয়াল মাদ্রিদের হয়ে খেলেছেন। এরপর ২০১৯ থেকে ২০২৪ পর্যন্ত চুক্তিতে ফরাসি ক্লাব পিএসজিতে যোগ দেন ক্রোয়েশিয়ার এই গোলরক্ষক। চলতি মৌসুমে লোনে প্রিমিয়ার লিগের ক্লাব নটিংহাম ফরেস্টের যোগ দেন নাভাস।

এছাড়াও গুঞ্জন আছে সাবেক পোল্যান্ডের গোলরক্ষক ওজসিচ সেজেসনির সঙ্গে কথা বলেছে বার্সা। এ বছরই জাতীয় দল ক্লাব ফুটবল থেকে অবসর নিয়েছেন এই গোলরক্ষক। সর্বশেষ খেলেছেন ইতালিয়ান ক্লাব জুভেন্টাসের হয়ে। যদিও সেটা এখনো নিশ্চিত না। তবে এখন দেখার বিষয় কার ওপর আস্থা রাখে বার্সা।

সূত্র: ইত্তেফাক

মেহেরপুরের মঞ্জুর ও হুসাইন এখন দেশ সেরা মিক্সড মার্শাল আর্ট চ্যাম্পিয়ন

রয়েল বেঙ্গল ফাইটিং চ্যাম্পিয়নশীপ এর ঢাকা ফাইট নাইট সিরিজের আরও একটি ইভেন্ট। ইভেন্টটি অনুষ্ঠিত হয়েছিলো ঐতিহ্যবাহী শহীদ তাজউদ্দীন আহমেদ ইনডোর স্টেডিয়াম, গুলিস্তানে।

ইভেন্টের অনুমোদন দেয় অল বাংলাদেশ ন্যাশনাল মিক্সড মার্শাল আর্ট এসোসিয়েশন ও বাংলাদেশ মর্শাল আর্ট কনফেডারেশন। যেখানে দেশের ১৪ টি জেলা থেকে মোট ২৬ জন অভিজ্ঞ মিক্সড মার্শাল আর্ট (এমএমএ) খেলোয়াড় অংশগ্রহণ করেছিলো।

এই ইভেন্টে ৭ টি ওজনশ্রেনিতে মোট ১৩ টি বাউট (ফাইট) অনুষ্ঠিত হয়। যার মধ্যে হতে মেহেরপুর জেলার দুইজন দুটি ওজনশ্রণীর বাউটে (ফাইট) অংশগ্রহন করেছিল।

তারা হচ্ছে মঞ্জুর আলম (২৩) ও হুসাইন কবির(২৩)। মঞ্জুর আলম ফেদারওয়েট (৬৫ কেজি)ওজন শ্রেণীতে টাইটেল বেল্ট চ্যম্পিয়নশীপ এর জন্য লড়াই করে চট্টগ্রামের আব্দুল্লাহ আল ফয়সালের এর বিরুদ্ধে। এই ফাইটে মঞ্জুর আলম তার প্রতিপক্ষ কে প্রথম রাউন্ডেই টেকনিক্যাল নকআউট এর মাধ্যমে হারিয়ে হয়ে যান বাংলাদেশের প্রথম বারেরমত রয়েল বেঙ্গল ফাইটিং চ্যাম্পিনশীপ এর ফেদারওয়েট চ্যাম্পিয়ন।

মঞ্জুর আলম কে সবাই Manjoor “The Hunter” Alam নামেই চিনে। মঞ্জুর আলম এর আগেও ভারত ও থাইল্যান্ডে গিয়ে বাংলাদেশ ও মেহেরপুর নাম উজ্জ্বল করে এসেছে। ভারত ও থাইল্যান্ড থেকে একাধিকবার স্বর্নপদক এনে দিয়েছে দেশকে। তবে এই প্রথম সে কোনো টাইটেল বেল্ট এর জন্য ফাইট করে জয় লাভ করল।মঞ্জুর আলম এই টাইটেল বেল্ট জেতার পর জানিয়েছেন সে খুব তাড়াতাড়ি ইউএফসি, ওয়ান চ্যাম্পিয়নশীপ এর মতো গ্লোবাল প্রমোশনে বাংলাদেশর পতাকা উড়াবে।

আর অন্যদিকে হুসাইন কবির বানটামওয়েট (৬১ কেজি) ওজন শ্রেণীতে অংশগ্রহণ করে ঢাকার সামির রাজ এর বিরুদ্ধে। এবং সেও তার শক্তিশালী এই প্রতিপক্ষকে প্রথম রাউন্ডেই সাবমিশন কিমুরা লকের মাধ্যমে কুপোকাত করে তার ক্যারিয়ার প্রথম প্রফেশনাল উইন নিজের করে নেয়। হুসাইন কবিরও একাধিকবার ভারতে থেকে স্বর্ণ পদক বয়ে নিয়ে আসেন বাংলাদেশের হয়ে। এই ইভেন্টে জয় লাভ করার পর হুসাইন কবির জানান মঞ্জুর আলমের মত সেও খুব শীঘ্রই আরবিএফসি এর টাইটেল বেল্ট জয় করবে নিজের মানুষদের জন্য। মঞ্জুর ও হুসাইন দুইজনেই তাদের এই ঐতিহাসিক জয়ের পর তারা জানান এই জয় তাদের একার নয়, এই জয় দেশের মানুষে, এই জয় মেহেরপুরের মানুষের জয়।

মঞ্জুর আলম ও হোসাইন কবির বলেন আপনারা সবাই আমাদের দুজনের জন্য দোয়া করবেন যেন সামনে আরো ভালো কিছু করতে পারি ।

নারী টি-টোয়েন্টি বিশ্বকাপে

ব্যাটার-বোলাররা ছন্দে, ভালো কিছুর প্রত্যাশা নাহিদার

আগামী ৩ অক্টোবর থেকে সংযুক্ত আরব আমিরাতে শুরু হবে নারী টি-টোয়েন্টি বিশ্বকাপ। সেই বিশ্বকাপকে সমানে রেখে মিরপুর শের-ই বাংলা স্টেডিয়ামে অনুশীলন শুরু করেছে বাংলাদেশ নারী দল। আজ সোমবার অনুশীলন শুরুর আগে গণমাধ্যমের মুখোমুখি হয়ে বিশ্বকাপ জেতার প্রত্যাশা ব্যক্ত করেন সহ- অধিনায়ক নাহিদা আক্তার।

নাহিদা বলেন, ‘আমাদের ব্যাটাররা খুব ভালো ছন্দে আছে, বোলাররাও ছন্দে আছে। আশা করছি মেইন ম্যাচে কাজে লাগাতে পারব। অবশ্যই ভালো কিছুর প্রত্যাশা করছি আমরা চেষ্টা করব ম্যাচ জেতার জন্য, আমরা জেতার জন্যই যাবো।’

এর আগে শ্রীলঙ্কা ‘এ’ দলের বিপক্ষে সিরিজ খেলেছে লাল-সবুজের প্রতিনিধিরা। এই অভিজ্ঞতা কাজে লাগিয়ে বিশ্বকাপেও জয় তুলে নিতে চান টাইগ্রেসরা।

বিশ্বকাপ নিয়ে নাহিদা বলেন, ‘কর্তৃপক্ষের সঙ্গে আমাদের কথা হয়েছে। খেলোয়াড়দের কোন কোন জায়গায় উন্নতি করতে হবে, সেটি নিয়ে কাজ করছি। দুটি প্রস্তুতি ম্যাচ রয়েছে, অনুশীলন রয়েছে। সবমিলিয়ে মূল ম্যাচে সেগুলো কাজে লাগানোর চেষ্টা করব।’

এবারের নারী বিশ্বকাপ বাংলাদেশে হওয়ার কথা থাকলেও শেষ পর্যন্ত ভেন্যু পরিবর্তন হয়ে সেটি আরব আমিরাতে চলে গেছে। ঘরের মাঠে বিশ্বকাপে খেলতে না পেরে কিছুটা আক্ষেপ রয়েছে নাহিদার, ‘আসলে এটা তো আমাদের নিয়ন্ত্রণে ছিল না। আমরা তো আশা করেছিলাম আমাদের দেশেই বিশ্বকাপটা যেন হয় এটা সব খেলোয়াড়েরাই চায়। আপনারা অবশ্যই চান এটা আমাদের দেশে হোক। এখন যেটা আমাদের নিয়ন্ত্রণে নেই, চলে গেছে। আমরা চেষ্টা করব…এর আগে আবু ধাবিতে আমরা ম্যাচ খেলেছি। আমি যতটুকু জানি ওখানকার উইকেট একই রকম হয়। আমরা সর্বোচ্চ দিয়ে চেষ্টা করব।’

নারী দলের সফলতা অনেকটাই নির্ভর করে ব্যাটারদের ওপরে। কিন্তু ঘুরেফিরে সেই জায়গাতেই ব্যর্থ হন তারা। এশিয়া কাপে ব্যাটিং ব্যর্থতার কারণে বাংলাদেশের ভরাডুবি হয়েছিল। এই বিষয়ে নাহিদা বলেন, ‘শ্রীলঙ্কা সিরিজে দেখেছি ব্যাটাররা খুব ভালো অবস্থানে

রয়েছে। তারা রান পাচ্ছে। ব্যাটাররা রান পেয়েছে বলেই আমরা ভালোভাবে বলও করতে পেরেছি। এশিয়া কাপের পরে শ্রীলঙ্কায় যেভাবে ব্যাটাররা খেলেছে, তাতে বিশ্বকাপে কাজে লাগবে।’

সূত্র: ইত্তেফাক

বাফুফের সভাপতি পদে লড়বে তাবিথ

বাংলাদেশ ফুটবল ফেডারেশনের সভাপতি পদে নির্বাচন করবেন তাবিথ আউয়াল। এটা অনেক আগ থেকে সবার জানা। দেশের ক্রীড়াঙ্গনে সবাই জানতেন, বাফুফের সভাপতি পদে কাজী সালাহউদ্দিন লড়াই না করলে সেখানে তাবিথ আউয়াল নির্বাচন করবেন। কিন্তু আনুষ্ঠানিক ঘোষণা দেননি তিনি। মায়ের অসুস্থতায় তাবিথ ব্যস্ত ছিলেন। মাকে নিয়ে হাসপাতালে দৌড়ঝাঁপ করতে হয়েছে। বাফুফে নিয়ে ব্যতি ব্যস্ত ছিলেন না তিনি।

অবশেষে আজ (সোমবার) ঘোষণা দিতে সংবাদমাধ্যমের সামনে হাজির হবেন তাবিথ। গতকাল রাতে তাবিথ জানিয়েছেন তিনি বাফুফের নির্বাচন করবেন। সে কথাটা বলার জন্যই সংবাদমাধ্যমকে আমন্ত্রণ জানিয়েছেন। তাবিথ দেশের সাবেক ফুটবলার। কাজ করেছেন বাফুফেতে। সহ-সভাপতি হিসেবে কাজী সালাহউদ্দিনের সঙ্গে কাজ করেছেন। বর্তমান কমিটিতে ছিলেন না তাবিথ। সহ-সভাপতি পদে নির্বাচন করেছিলেন। কিন্তু আরেক প্রার্থী মহিউদ্দিন আহমেদ মহির সঙ্গে ভোট সমান হয়ে যাওয়ায় পুনরায় নির্বাচন অনুষ্ঠিত হয়। সেখানেও তাবিথ হেরে যান। ১৩৯ ভোটারের মধ্যে ভোট দিয়েছেন ১৩০ জন, এর মধ্যে মহি ৬৭ এবং তাবিথ ৬৩ ভোট পান।

তাবিথের পারিবারিক বিষয়কে কেন্দ্র করে সেই নির্বাচনে তাবিথকে হারানোর জন্য সরকারি একটি সংস্থা কাজ করেছিল বলে তখনকার গুঞ্জন। তা না হলে, তাবিথ যেভাবে ফুটবলের জন্য কাজ করেছিলেন, তার পরাজয় বরণ করার কথা না। তাবিথের হার সবাইকে হতবাক করেছিল। কারণ জাতীয় দল ব্যবস্থাপনা কমিটির চেয়ারম্যান না হয়েও তাবিথ ফুটবলের জন্য অর্থ দিয়ে সহায়তা করেছেন প্রতিনিয়ত। কিন্তু তাবিথ কোনো বিষয়ে কখনো মুখ খুলতেন না। নিজের প্রচার করতেন না।

এরই মধ্যে তরফদার রুহুল আমিন নিজেও নির্বাচন করতে চান, জানা যায় ৫ আগস্ট সরকার পতনের পর রুহুল আমিন তাবিথকে সভাপতি পদে এবং নিজে সিনিয়র সহসভাপতি পদে নির্বাচন করার কথা বলেছিলেন। কিন্তু তাবিথ সেটি গ্রহণ করেননি। কারণ তখনো কাজী সালাহউদ্দিন নির্বাচন করার জন্য নিজের সিদ্ধান্তে অটল ছিলেন।

গত ১৪ সেপ্টেম্বর সালাহউদ্দিন নির্বাচন না করার ঘোষণা দেওয়ার এক দিন পর সামনে আসেন ৭ জানুয়ারি আওয়ামী লীগের নির্বাচনে দায়িত্ব পালনকরা তরফদার রুহুল আমিন। বাফুফের সভাপতি পদে নির্বাচনের ঘোষণা দেন তিনি। পাঁচ দিন পর বিএনপি নেতা তাবিথ আউয়াল নির্বাচনের ঘোষণা দেওয়ার সিদ্ধান্ত নিলেন। এই দুই প্রার্থী যদি নির্বাচন করেন তাহলে বাফুফের নির্বাচন হতে পারে আওয়ামী লীগ-বিএনপির মধ্যে লড়াই।

সূত্র: ইত্তেফাক

মিরপুরে সেনা মহড়া

আগামী অক্টোবরে বাংলাদেশ সফরে আসার কথা রয়েছে দক্ষিণ আফ্রিকা ক্রিকেট দলের। দুই টেস্টের সেই সিরিজ অনুষ্ঠিত হবে মিরপুর শের-ই-বাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়াম ও চট্টগ্রামে। সেই সিরিজে ক্রিকেটারদের বিশেষ নিরাপত্তা দিতে রোববার (২২ সেপ্টেম্বর) মিরপুরে অনুষ্ঠিত হলো সেনাবাহিনীর বিশেষ মহড়া।

মিরপুরের মাঠে সেনাবাহিনী সশস্ত্র মহড়া দিয়েছে এবং আকাশে হেলিকপ্টারও উড়িয়েছে। মোটামুটি যুদ্ধের আবহ নিয়ে মিরপুরে মহড়া দিয়েছে বাংলাদেশ সেনাবাহিনী।

মূলত অক্টোবরের মাঝামাঝি প্রোটিয়াদের বাংলাদেশ সফরে নিরাপত্তা প্রদান নিয়েই এ আয়োজন। আসন্ন এই সফরের আগে শনিবার (২১ সেপ্টেম্বর) প্রোটিয়াদের তিন সদস্যের প্রতিনিধি দল এসেছে ঢাকায় নিরাপত্তা ব্যবস্থা পর্যবেক্ষণ করতে।

রোববার (২২ সেপ্টেম্বর) চট্টগ্রামের জহুর আহমেদ চৌধুরি

স্টেডিয়াম ঘুরে দেখবে পর্যবেক্ষক দল। এরপর আগামীকাল তাদের শের-ই বাংলা স্টেডিয়াম পরিদর্শন করার কথা রয়েছে।

তাদের পরিদর্শনের একদিন আগেই রোববার মিরপুরে বিশেষ মহড়া দিল সেনাবাহিনী। সকাল থেকেই হোম অব ক্রিকেটে আসন্ন সিরিজের জন্য নিরাপত্তা ব্যবস্থার জন্য সর্বাত্মক প্রস্তুতি নিতে দেখা গেছে সেনাবাহিনীকে। এরপর দুপুর বারোটার কিছুক্ষণ পর শের-ই বাংলার আকাশে উড়তে দেখা যায় হেলিকপ্টার। মিনিট কয়েক প্রদক্ষিণের পরপরই ত্যাগ করে মাঠ।

এছাড়াও মিরপুর মাঠের চারদিকও প্রদক্ষিণ করে হেলিকপ্টার। আসন্ন সিরিজের জন্য সব ধরনের নিরাপত্তা দিতে প্রস্তুতির অংশ এটি। এর আগেও বিভিন্ন সময়ের সিরিজ বা টুর্নামেন্টের আগে এমন মহড়া দিতে দেখা গেছে মিরপুরে।
সূত্র: কালবেলা

গ্র্যান্ডমাস্টার রাজীবের ম্যাচ বর্জন

হাঙ্গেরির বুদাপেস্টে চলছে দাবা অলিম্পিয়াড। আজ (শনিবার) ১০ম রাউন্ডের উন্মুক্ত বিভাগে বাংলাদেশের প্রতিপক্ষ ইসরায়েল। বাংলাদেশ সময় সন্ধ্যা ৭টায় ম্যাচটি শুরু হওয়ার কথা। তবে এ ম্যাচে খেলবেন না বলে ঘোষণা দিয়েছেন বাংলাদেশের গ্র্যান্ডমাস্টার এনামুল হোসেন রাজীব।

ফেসবুকে পোস্ট ইসরায়েলের বিপক্ষে খেলবেন না জানিয়ে রাজীব লিখেন, ‘২০২২ সালে চেন্নাই দাবা অলিম্পিয়াডসহ ২০২৪ হাঙ্গেরি দাবা অলিম্পিয়াডে রাশিয়া ও বেলারুশ দল অংশ নিতে পারেনি। তাহলে বর্তমান পরিস্থিতিতে ইসরায়েল কীভাবে অংশ নিতে পারে? আমি বয়কট করলাম।’

রাজীব বলেন, ইউক্রেনে হামলার কারণে রাশিয়া ও বেলারুশকে দাবা অলিম্পিয়াডে খেলতে দেওয়া হচ্ছে না। এমনকি নিজ দেশের পতাকা নিয়ে দেশ দুটির দাবাড়ুদের বিশ্ব আসরে খেলার সুযোগ নেই। ফিদে তাদের

নিষিদ্ধ করে রেখেছে। ইসরায়েল নির্বিচার ফিলিস্তিনিদের হত্যা করছে। এর প্রতিবাদেই তিনি ইসরায়েলের বিপক্ষে খেলবেন না।

সূত্র: ইত্তেফাক

দিনের শুরুতেই হাসানের তিন উইকেট

চেন্নাই টেস্টে অবিশ্বাস্য শুরু করেছে বাংলাদেশ। টস জিতে বোলিং নিয়েই চেপে ধরেছে স্বাগতিকদের। দলীয় ৩৪ রানের মধ্যেই তিন উইকেট হারাল ভারত। রোহিত, গিলের পর এবার সাজঘরে ফিরলেন তারকা ব্যাটার বিরাট কোহলি। তিনটি উইকেটই নিয়েছেন পেসার হাসান মাহমুদ। হাসান মাহমুদের বলে ড্রাইভ করতে গিয়ে উইকেটের পেছনে লিটনের হাতে ক্যাচ দেন কোহলি।

এই প্রতিবেদন খেলা পর্যন্ত ১০ ওভারে ৩ উইকেট হারিয়ে ভারতের সংগ্রহ ৩৪ রান। যশ্বী জয়সওয়াল ১৭ রান এবং ঋষভ পান্থ ০ রানে ব্যাট করছেন।

বৃহস্পতিবার (১৯ সেপ্টেম্বর) টস হেরে ব্যাটিংয়ে নেমে বাংলাদেশি পেসারদের দেখে শুনেই খেলছিলেন দুই ভারতীয় ওপেনার রোহিত শর্মা এবং যশ্বী জয়সওয়াল। তবে চতুর্থ ওভারে রোহিতকে লেগ বিফোরের ফাঁদে ফেলেছিলেন রোহিত। কিন্তু আম্পায়ার আউট না দেওয়ায় রিভিউ নেন শান্ত। তবে বল বেল্টে লাগায় বেঁচে যান ভারতীয় অধিনায়ক।

তবে পিচে বেশিক্ষণ টিকতে পারেনি রোহিত। হাসানের পরের ওভারেই দ্বিতীয় স্লিপে কাটা পড়েন তিনি। এদিন চেন্নাইয়ের পিচের চরিত্র বোঝার আগের সাজঘরে ফেরেন শুভমান গিল। অষ্টম ওভারে লিটনের হাতে ক্যাচ তুলে দেন তিনি। সেই সঙ্গে জোড়া উইকেট তুলে নেন হাসান।

এরপর জয়সওয়ালকে সঙ্গে নিয়ে প্রতিরোধ গড়ারি চেষ্টা করেন বিরাট কোহলি। কিন্তু দশম ওভারের দ্বিতীয় বলে হাসানের তৃতীয় শিকার বনে যান এই কিংবদন্তি ক্রিকেটার। ৬ বলে ৬ রান করেন তিনি।

সূত্র: ইত্তেফাক

টি-টোয়েন্টি বিশ্বকাপের দল ঘোষণায় বাংলাদেশের চমক

আসন্ন নারী টি-টোয়েন্টি বিশ্বকাপের দল ঘোষণা করেছে বাংলাদেশ দল। বুধবার (১৮ সেপ্টেম্বর) বিসিবির অফিসিয়াল ফেসবুক পেজে ক্রিকেটারদের নাম প্রকাশ করা হয়েছে। বিশ্বকাপের দল ঘোষণায় চমক রেখেছে বিসিবি। মূলত দেশের বাইরে থাকা প্রবাসীদের দিয়ে বিশ্বকাপ দলে থাকা ক্রিকেটারদের নাম প্রকাশ করেছে তারা।

সাধারণত সংবাদ সম্মেলন করে বিশ্বকাপের দল ঘোষণা করে থাকে বিসিবি। তবে এবার চমক দেখিয়েছে তারা। প্রবাসী বাংলাদেশিদের সাহায্যে এক ভিডিওর মাধ্যমে ১৫ সদস্যের বিশ্বকাপের স্কোয়াড ঘোষণা করেছে বিসিবি।

ভিডিওর শুরুতে বাংলাদেশ ক্রিকেটের নারী বিভাগের প্রধান হাবিবুল বাশার সুমন বলেন, ‘নারী টি-টোয়েন্টি বিশ্বকাপের খুব একটা দেরি নেই। আমাদের মেয়ে ক্রিকেটাররা অক্লান্ত পরিশ্রম করে যাচ্ছে এবারের বিশ্বকাপে তাদের কাঙ্ক্ষিত লক্ষ্যে পৌঁছাতে।’

১৫ সদস্যের বিশ্বকাপ দলে চমক হিসেবে আছেন কোনো আন্তর্জাতিক ম্যাচ না খেলা তাজ নেহার। ২৬ বছর বয়সী এই নারী ক্রিকেটার শ্রীলঙ্কা সফরে বাংলাদেশ ‘এ’ দলে ছিলেন। এ ছাড়া অভিষেকের অপেক্ষায় থাকা অলরাউন্ডার দিশা বিশ্বাসও আছেন দল। বিশ্বকাপে টাইগ্রেসদের নেতৃত্ব দেবেন উইকেটরক্ষক ব্যাটার নিগার সুলতানা জ্যোতি।

আগামী ৩ অক্টোবর পর্দা উঠবে নারী টি-টোয়েন্টি বিশ্বকাপের নবম আসরের। এবারের আসরটি বাংলাদেশে হওয়ার কথা থাকলেও রাজনৈতিক পট পরিবর্তনের কারণে আইসিসি টুর্নামেন্টটি সংযুক্ত আরব আমিরাতে সরিয়ে নেয়। তবে আয়োজক হিসেবে বাংলাদেশের নামই রয়েছে। উদ্বোধনী দিনে বাংলাদেশের প্রতিপক্ষ স্কটল্যান্ড।

৩ অক্টোবর থেকে ২০ অক্টোবর পর্যন্ত চলবে টুর্নামেন্টটি। দুবাই ও শারজাহর দুটি স্টেডিয়ামে মোট ২৩টি ম্যাচ অনুষ্ঠিত হবে। এবারের আসরে গ্রুপ ‘বি’ তে রয়েছে বাংলাদেশ। এই গ্রুপে টাইগ্রেসদের প্রতিপক্ষ দক্ষিণ আফ্রিকা, ইংল্যান্ড, ওয়েস্ট ইন্ডিজ ও স্কটল্যান্ড। গ্রুপ ‘এ’ তে রয়েছে পাকিস্তান, ভারত, অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ড ও শ্রীলঙ্কা।

নারী টি–টোয়েন্টি বিশ্বকাপের বাংলাদেশ দল: নিগার সুলতানা (অধিনায়ক), নাহিদা আক্তার, মুরশিদা খাতুন, স্বর্ণা আক্তার, রিতু মনি, সোবহানা মোস্তারী, রাবেয়া খান, সুলতানা খাতুন, ফাহিমা খাতুন, মারুফা আক্তার, জাহানারা আলম, দিলারা আক্তার, তাজ নেহার, সাথী রানি, দিশা বিশ্বাস।

সূত্র: ইত্তেফাক

কপিল দেব-ইয়ান বোথামের রেকর্ডের সামনে সাকিব

ব্যাটে বলে বাংলাদেশ জাতীয় দলের সঙ্গে সাকিব আল হাসান পার করে ফেলেছেন দীর্ঘ ১৮ বছর। লম্বা পথ চলায় দেশের তো বটেই বিশ্ব ক্রিকেটেরই অনেক রেকর্ড নিজের করে নিয়েছেন সাকিব। কদিন আগেই পাকিস্তানের বিপক্ষে টেস্টে উইকেট শিকারের দিক বাঁহাতি স্পিনারদের মধ্যে সবার ওপরে উঠে গিয়েছিলেন। পেছনে ফেলেছিলেন নিউজিল্যান্ডের কিংবদন্তি ড্যানিয়েল ভেট্টোরিকে।

সাকিব আল হাসানের ব্যাটে রানের দেখা নেই অনেকটা দিন ধরেই। তবে বল হাতে নিয়মিত প্রতিপক্ষকে কাবু করছেন তিনি। পাকিস্তানের বিপক্ষে টেস্ট শেষ করে উড়াল দিয়েছিলেন ইংল্যান্ডে। সেখানে কাউন্টি ক্রিকেটেও ছিল তার ৯ উইকেট। ভারত সিরিজেও বল হাতে মাইলফলকের খুব কাছাকাছি আছেন সাকিব।

বিশ্ব ক্রিকেটের ১৪৭ বছরের ইতিহাসে এর আগে কেবল চারজনই । টেস্ট ক্রিকেটে ৪০০০ রান করার পাশাপাশি ২৫০ উইকেট নেওয়ার মাইলফলক

স্পর্শ করেছেন। সাকিব আল হাসান আছেন সেই এলিট ক্লাবে যুক্ত হওয়ার অপেক্ষায়। রানের কোটা আগেই পূরণ করে ফেলেছিলেন। দরকার বল হাতে ৮ উইকেট।

ক্যারিয়ারের ৬৯ টেস্ট শেষে সাকিবের রান ৪ হাজার ৫৪৩ রান। তবে ২৫০ উইকেটের মাইল ফলক স্পর্শ করার জন্য আরও ৮টি উইকেট প্রয়োজন। ভারতের বিরুদ্ধে দু’টি টেস্টে ৮টি উইকেট নিতে পারলেই ৩৭ বছরের অলরাউন্ডার টেস্ট ক্রিকেটে ৪০০০ রানের পাশাপাশি ২৫০ উইকেট নেওয়ার নজির গড়বেন।

সাকিবের আগে এই কীর্তি করেছেন বিশ্ব ক্রিকেটের চার গ্রেট অলরাউন্ডার। ভারতের কপিল দেব, ইংল্যান্ডের স্যার ইয়ান বোথাম ছাড়াও এই ক্লাবে আছেন দক্ষিণ আফ্রিকার জ্যাক ক্যালিস এবং নিউজিল্যান্ডের ড্যানিয়েল ভেট্টরির। রানের দিক থেকে তালিকায় শীর্ষে রয়েছেন দক্ষিণ আফ্রিকার প্রাক্তন অলরাউন্ডার। ১৬৬ টেস্ট খেলে ক্যালিস ১৩ হাজার ২৮৯ রান করেন এবং ২৯২টি উইকেট নেন।

দ্বিতীয় স্থানে রয়েছেন কপিল দেব। ভারতকে বিশ্বকাপ জেতানো অধিনায়ক ১৩১টি টেস্টে ৫ হাজার ২৪৮ রান করার পাশাপাশি ৪৩৪টি উইকেট নিয়েছেন। তৃতীয় স্থানে আছেন বোথাম। ইংল্যান্ডের প্রাক্তন ক্রিকেটার ১০২টি টেস্ট খেলে করেছিলেন ৫ হাজার ২০০ রান। নিয়েছিলেন ৩৮৩টি উইকেট। চতুর্থ স্থানে নিউজিল্যান্ডের সাবেক অধিনায়ক। ১১৩টি টেস্ট খেলে ভেট্টরি ৪ হাজার ৫৩১ রান করেছেন। উইকেটের সংখ্যা ৩৬২।

সূত্র: ইত্তেফাক

টাইগারদের নিয়ে ভারতীয় সাবেক বোলারের সতর্ক বাণী

চলতি মাসে পাকিস্তান সফরে স্বাগতিকদের বিপক্ষে ২-০ ব্যবধানে ঐতিহাসিক টেস্ট সিরিজ জয়ের পর বেশ আত্মবিশ্বাসী বাংলাদেশ। সামনে লক্ষ্য টেস্ট ফরম্যাটে ভারতের বিপক্ষেও ঐতিহাসিক জয় তুলে নেওয়ার। সেই উদ্দেশ্যে গতকাল রবিবার দেশও ছেড়েছে টাইগাররা।

আগামী বৃহস্পতিবার ভারতের বিপক্ষে দুই ম্যাচ টেস্ট সিরিজের প্রথম ম্যাচ খেলতে নামবে শান্তবাহিনী। আর এই ম্যাচের আগে স্বাগতিকদের টাইগার দুই অলরাউন্ডার সাকিব আল হাসান এবং মেহেদী হাসান মিরাজকে নিয়ে সতর্ক থাকার পরামর্শ দিয়েছেন ভারতীয় সাবেক স্পিন বোলার প্রজ্ঞান ওঝা।

সম্প্রতি ভারতীয় এক গণমাধ্যমে রোহিত-বিরাটদের সতর্ক করে দিয়ে তিনি বলেন, ‘তারা উপমহাদেশীয় দল এবং তাদের ভালো স্পিনার রয়েছে। পাকিস্তানে মেহেদী হাসান সিরিজ সেরা হয়েছে। ঐখানে সে যেভাবে পারফরম করেছেন, এবং বোলিং ব্যাটিংয়ে যে দক্ষতা দেখিয়েছেন, তা অসাধারণ। এছাড়া তাদের দলে সাকিব আল হাসানের মতো একজন সেরা অলরাউন্ডার রয়েছেন। তো সিরিজটি এত সহজ হবে না। নির্দিষ্ট পিচে ভারতীয় দল তাদের বিরুদ্ধে কীভাবে খেলবে, তা নিয়ে জটিল হবে।’ আসন্ন সিরিজটি প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ হবে জানিয়ে এ সময় তিনি আরো বলেন, ‘আমি বলছি না যে, বাংলাদেশ আমাদের চ্যালেঞ্জ জানাবে। তবে আমি বলব, ভালো লড়াই হবে। ঘরের মাঠে পাকিস্তানকে যেভাবে হারিয়েছে বাংলাদেশ, তাতে বোঝা যায় তারা সঠিক পথেই এগোচ্ছে। তাই বলা যায়, আসন্ন সিরিজ দুর্দান্ত হবে।’

এদিকে বাংলাদেশকে হুঁশিয়ারি দিয়েছেন ভারতীয় সাবেক ব্যাটার অজয় জাদেজা। খেলার মাঠে পাকিস্তান ও ভারতের মধ্যে বিরাট পার্থক্য রয়েছে। গেল শনিবার ক্রিকেট অ্যাসোসিয়েশনের অ্যাওয়ার্ড অনুষ্ঠানে গিয়ে আসন্ন সিরিজ নিয়ে তিনি বলেন, ‘জয়ের পর যে দলই যেখানে খেলতে যাক, তাদের মধ্যে জেতার একটা বিশ্বাস থাকে। কিন্তু এই মুহূর্তে পাকিস্তান ক্রিকেট দল ও ভারত ক্রিকেট দলের মধ্যে অনেক পার্থক্য। পাকিস্তানের চেয়ে ভারত অনেক এগিয়ে।’

সূত্র: ইত্তেফাক